একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১৫০.১৫০.২০১৮-২৭৪

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ মে ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু রাজবাড়ী জেলার পাংশা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব ফরিদ হাসান ওদুদ এর বিরুদ্ধে উপজেলা পরিষদের অধিগ্রহণকৃত জমিতে নির্মিত ১০টি দোকান তার আপন ভাই ও ফুফাতো ভাইয়ের নামে বরাদ্দ দেয়া, রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকা অনুসরণ না করে গরীব/মেধাবী শিক্ষার্থীদের পরিবর্তে নিজস্ব লোকের সন্তানদের মধ্যে বৃত্তি প্রদানের মাধ্যমে অর্থ আত্মসাৎ করা, বয়স্কভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত) ২০১৩ অনুসরণ না করে বয়স্কভাতা প্রদান এবং নিয়ম বহির্ভূতভাবে উপজেলা পরিষদের ফান্ড থেকে পাংশা পৌরসভা এলাকায় প্রকল্প বরাদ্দ দেয়া সম্পর্কে আনীত অভিযোগগুলো বিভাগীয় কমিশনারের তদন্তে প্রমাণিত হয়েছে এবং যেহেতু তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে তাকে জবাব প্রদানের জন্য বলা হলে তিনি জবাব দেননি এবং পরবর্তীতে তাকে ব্যক্তিগত শুনানি প্রদানের জন্য বলা হলে তিনি শুনানিতেও অংশগ্রহণ করেননি।

সেহেতু, উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ ধারার বিধান অনুযায়ী রাজবাড়ী জেলার পাংশা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব ফরিদ হাসান ওদুদ-কে পাংশা উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো; এবং পাংশা উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ -কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৫/০৫/২১

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১৫০.১৫০.২০১৮-২৭৪(১৩)

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ মে ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেলা প্রশাসক, রাজবাড়ী।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজবাড়ী/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।
১১। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
১২। জনাব ফরিদ হাসান ওদুদ, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
১৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫/০৫/২১

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব